



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহ  
publiclibrary.mymensinghdiv.gov.bd



নম্বর: ৪৩.২৬.৬১০০.০০০.২৩.০০৯.২০.০৬

তারিখ: ২৩.০১.২০২৩ খ্রি.

**বিষয়: জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩ উপলক্ষে চিত্রাঙ্কন, আবৃত্তি ও পাঠ প্রতিযোগিতার বিজ্ঞপ্তি।**

৫ ফেব্রুয়ারি ২০২৩ 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদযাপনার্থে কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহ কর্তৃক চিত্রাঙ্কন, আবৃত্তি ও পাঠ প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দকে অংশগ্রহণে উৎসাহ প্রদানে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

ক) চিত্রাঙ্কন প্রতিযোগিতা:

গ্রুপ	বয়সসীমা	চিত্রাঙ্কনের বিষয়	প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময়
ক	অনুর্ধ্ব ৭ বছর	উন্মুক্ত	০১.০২.২০২৩ খ্রি. বিকেল ৩.০০ টায় বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, টাউন হল মোড় (সার্কিট হাউজ রোড), ময়মনসিংহে অনুষ্ঠিত হবে।
খ	অনুর্ধ্ব ১২ বছর	গ্রন্থাগার ও বইপড়া	

খ) পাঠ প্রতিযোগিতা:

গ্রুপ	শ্রেণি	পাঠ প্রতিযোগিতার বিষয়	পাঠ প্রতিযোগিতার বিষয়ে জ্ঞাতব্য
ক	৫ম -৮ম	শেখ হাসিনা রচিত 'আমাদের ছোট রাসেল সোনা' ও জাতীয় গ্রন্থাগার দিবস	পাঠ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীগণকে পার্শ্বে উল্লিখিত বিষয়ে ০১.০২.২০২৩ খ্রি. বিকেল ৪.০০ টায় বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহে প্রশ্নোত্তর প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
খ	৯ম-১২শ	প্রমথ চৌধুরী রচিত 'বই পড়া' প্রবন্ধ এবং জাতীয় গ্রন্থাগার দিবস	

গ) আবৃত্তি প্রতিযোগিতা:

বয়সসীমা	আবৃত্তির বিষয়	প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময়
অনুর্ধ্ব ১২ বছর	উন্মুক্ত	০২.০২.২০২৩ খ্রি. বিকেল ৩.০০ টায় বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহে অনুষ্ঠিত হবে।

শর্তাবলি:

- চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীগণকে আর্ট পেপার ব্যতীত অন্যান্য চিত্রাঙ্কন সামগ্রী ও বয়স প্রমাণের জন্য জন্মসনদ সঙ্গে আনতে হবে।
- পাঠ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীগণকে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র বা স্টুডেন্ট আইডি'র ফটোকপি জমা দিতে হবে।
- আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীগণকে বয়স প্রমাণের জন্য জন্মসনদ জমা দিতে হবে এবং ০২.০২.২০২৩ খ্রি. বিকেল ৩.০০ টার পূর্বে নাম রেজিস্ট্রেশন করতে হবে।

  
২৩/০১/২০২৩

(মোঃ আকাছ আলী)

সহকারী পরিচালক

ফোন: ০২৯৯৬৬৬৬৮২৬

মেইল: gplmymensingh@gmail.com